

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২ ঢাকা।			
ডায়েরী নং- ২১০৫	তারিখঃ ২৬/২/২০	প্রাপ্তকারীঃ	
ক্র: স:	স: প্র:	উ: বি: প্র:	নি: প্র:
			N

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

সংস্থাপন শাখা-৩

স্মারক নম্বর-২৫.৩৬.০০০০.২১৩.২৭.৫৬৬.১৯-

২৪৬/২

তারিখঃ ০৪/০২/ ১৪২৭ বঙ্গাব্দ
২৭/০২/ ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ জনাব মোঃ রেজাউল করিম, সিনিয়র হিসাব সহকারী, ঢাকা গণপূর্ত সার্কেল-৪, ঢাকা এর বিরুদ্ধে “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে দায়েরকৃত বিভাগীয় মামলায় ২য় কারণ দর্শানো নোটিশ প্রেরণ।

যেহেতু, আপনি জনাব মোঃ রেজাউল করিম, সিনিয়র হিসাব সহকারী, ঢাকা গণপূর্ত সার্কেল-৪, ঢাকা বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অত্র দপ্তরের ১৫/১২/২০১৯খ্রিঃ তারিখে ২৫.৩৬.০০০০.২১৩.২৭.৫৬৬.১৯-১৬৮৬/১(২) নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয়। আপনাকে একাধিকবার কারণ দর্শানো হয়। কিন্তু আপনি অদ্যাবধি কারণ দর্শানোর জবাব দাখিল করেননি এবং অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। উক্ত বিভাগীয় মামলায় মামলার প্রাসঙ্গিক সকল বিষয়ে পর্যালোচনা করে ন্যায় বিচারের স্বার্থে তদন্তের আবশ্যিকতা প্রতীয়মান হওয়ায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে ২৮/০১/২০২১খ্রিঃ তারিখের প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” (Misconduct & Desertion) এ বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৪ এর উপবিধি (৩) এর (১) ঘ) মোতাবেক আপনাকে “চাকরি হতে বরখাস্তকরণ” (Dismissal from Service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, কেন আপনাকে গুরুদণ্ড প্রদান করা হবে না, তা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ এর উপবিধি (৯) মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে নির্দেশ প্রদান করা হলো। উক্ত বিধিমালা বিধি ৭ এর উপবিধি (৮) মোতাবেক তদন্ত প্রতিবেদনের এক কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদন ০২(দুই) প্রস্থ।

(নন্দিতা রাণী সাহা)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ৯৫৬০৯৯৯

১। বর্তমান ঠিকানা-
জনাব মোঃ রেজাউল করিম
সিনিয়র হিসাব সহকারী,
ঢাকা গণপূর্ত সার্কেল-৪, ঢাকা।

২। স্থায়ী ঠিকানা-
জনাব মোঃ রেজাউল করিম
পিতা-মোঃ আমজাদ হোসেন
গ্রাম-খোপপাড়া, ডাকঘর-বেথুলী,
উপজেলা-কালীগঞ্জ, জেলা-ঝিনাইদহ।

অনুলিপি:

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-৪, কেন্দ্রীয় পরিবহন পুল ভবন (১২ তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা। (নোটিশটি গণপূর্ত অধিদপ্তর এর ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৩। অফিস কপি।